

## আনারসের জেলী :

যা যা লাগবে : ১) আনারস। ২) চিনি। ৩) সাইট্রিক এসিড  
১<sup>১</sup>/<sub>২</sub> বা ২ চা চামচ। ৪) পেকটিন ২ চা চামচ, হলদে রং সামান্য।  
৫) আনারস সেন্ট <sup>১</sup>/<sub>২</sub> (আধা) চা চামচ।

পাঁচ কাপ আনারসের রসের সঙ্গে ৫ কাপ উঁচু করে ভরা চিনি  
মিশাব ও অল্প জ্বাল দেব।

ফুটে উঠলে সাইট্রিক এসিড ও রং মিশাব। রস ঘন হয়ে এলে  
একটা কাপে একটু চিনি ও ফুটন্ত রস মিশিয়ে পেকটিন গুলে জেলীতে  
মিশাব।

ঠাণ্ডা প্লেটে ফোঁটা ফোঁটা ফেলে দেখব জমছে কি না। জমলে  
নামিয়ে নেব ও শিসিতে ভরে ফেলব। পরদিন নিয়ম অনুযায়ী মুখ  
লাগিয়ে দেব।